

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ
হাসিনার বাংলাদেশ

www.dme.gov.bd

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.৫১১

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৫

০৩ অক্টোবর ২০১৮

বিষয়: টাংগাইল জেলার মধুপুর উপজেলাধীন আশ্রা ফায়িল মাদ্রাসার চতুর্থ শ্রেণির কর্মচারী জনাব মো: আ: হাই আল হাদী এর জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদনটির বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তদস্থলে নতুন কর্মচারী নিয়োগ কার্যক্রম গ্রহণ না করা প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষ, আশ্রা ফাজিল মাদ্রাসা এর আবেদন তারিখ: ০৯.১২.২০১৭খ্রি:। (২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৮-৫৮৭ তারিখ: ১৯.০৮.২০১৮খ্রি:।

(৩) জনাব মো: আ: হাই আল হাদী এর আবেদন তারিখ: ২৬.০৯.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, আশ্রা ফাজিল মাদ্রাসা কর্তৃক তাঁর মাদ্রাসার চতুর্থ শ্রেণির কর্মচারী জনাব মো: আ: হাই আল হাদী এর জন্ম তারিখ সংশোধন বিষয়ক একটি আবেদন সূত্রস্ব ১ নং স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, জনাব মো: আ: হাই আল হাদী এর এমপিও শিটে মুদ্রিত জন্ম তারিখ ০১.০১.১৯৫৮ এর স্থলে দাখিল সনদে উল্লিখিত জন্ম তারিখ ০১.০১.১৯৬৮ হিসেবে সংশোধন চেয়ে আবেদন করা হয়।

০২. অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে জনাব মো: আ: হাই আল হাদী এর জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদনটি স্বাক্ষর আইনের ১১৫ ধারা মোতাবেক সূত্রস্ব ২ নং স্মারকে নামঞ্জুর করা হয়।

০৩. পরবর্তীতে জনাব মো: আ: হাই আল হাদী কর্তৃক সূত্রস্ব ৩ নং স্মারকে তাঁর জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদনটি (সূত্রস্ব ২ নং স্মারক) পুনর্বিবেচনার জন্য আবেদন করা হয়।

০৪. যেহেতু জনাব মো: আ: হাই আল হাদী কর্তৃক তাঁর জন্ম তারিখ সংশোধন বিষয়ে পুনর্বিবেচনার জন্য আবেদন করা হয়েছে সেহেতু মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তদস্থলে নতুন কর্মচারী নিয়োগ কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে না।

০৫. এমতাবস্থায় টাংগাইল জেলার মধুপুর উপজেলাধীন আশ্রা ফায়িল মাদ্রাসার চতুর্থ শ্রেণির কর্মচারী জনাব মো: আ: হাই আল হাদী জন্ম তারিখ সংশোধন বিষয়ক আবেদনটির বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তদস্থলে নতুন কর্মচারী নিয়োগ কার্যক্রম গ্রহণ না করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৭-১০-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক

ফোন: ০২-৪১০৩০১৬৭

অধ্যক্ষ

আশ্রা ফায়িল মাদ্রাসা, ডাক- আশ্রা, উপজেলা-মধুপুর, টাংগাইল।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০১.১৮.৫১১/১


তারিখ: ১৮ আশ্বিন ১৪২৫

০৩ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।

- ২) জেলা শিক্ষা অফিসার, টাংগাইল
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুপুর, টাংগাইল
- ৪) অফিস, কপি।



৭-১০-২০১৮

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক